# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৭৫

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ অসুস্থ ব্যক্তির জন্য ঝাড়-ফুক করা।

## باب مَا جَاءَ فِي التَّعَوُّذِ لِلْمَرِيضِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ، قَالَ دَخَلْتُ أَنَا وَثَابِتٌ الْبُنَانِيُّ، عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فَقَالَ ثَابِتٌ يَا أَبَا حَمْزَةَ اشْتَكَيْتُ . فَقَالَ أَنَسٌ أَفَلاَ أَرْقِيكَ بِرُقْيَةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ بَلَى . قَالَ " اللَّهُمَّ رَبَّ النَّاسِ مُذْهِبَ الْبَاسِ اشْفِ أَنْتَ الشَّافِي لاَ شَافِيَ إِلاَّ أَنْتَ شِفَاءً لاَ يُغَادِرُ سَقَمًا " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسٍ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيدٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَسَأَلْتُ أَبَا زُرْعَةَ عَنْ هَذَا الْحَدِيثِ فَقُلْتُ لَهُ رِوَايَةُ عَبْدِ الْعَزِيزِ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ أَصَحُّ أَوْ حَدِيثُ عَبْدِ الْعَزِيزِ عَنْ أَنَسٍ قَالَ كِلاَهُمَا صَحِيحٌ . وَرَوَى عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ وَعَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ عَنْ أَنَسٍ .

বাংলা

৯৭৫. কুতায়রা (রাঃ) ...... আব্দুল আযীয ইবনু সুহায়ব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ছাবিত আল-বুনানী এবং আমি একদিন আনাস (রাঃ) এর কাছে গেলাম। ছাবিত বললেন, হে আবূ হামযা, আমি অসুস্থবোধ করছি। আনাস (রাঃ) বললেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দু'আ পড়ে ঝাড়তেন আমি কি তোমাকে সেইভাবে ঝেড়ে দিব? তিনি বললেন, জি, হ্যাঁ। আনাস (রাঃ) বললেনঃ

اللَّهُمَّ رَبَّ النَّاسِ مُذْهِبَ الْبَاسِ اشْفِ أَنْتَ الشَّافِي لاَ شَافِيَ إِلاَّ أَنْتَ شِفَاءً لاَ يُغَادِرُ سَقَمًا

হে আল্লাহ, সকল মানুষের রব, ক্লেশ বিতাড়ণকারী, শিফা দিন, আপনই তো শিফা দানকারী, আপনি ছাড়া তো কেউ শিফা দানকারী নাই। এমনভাবে শিফা দান করুন যে তা যেন কোন রোগকে না ছাড়ে। - বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৭৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস ও আয়িশা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রাঃ) বলেন, আবূ সাঈদ বর্ণিত হাদিসটি হাসান সাহীহ। তিনি বলেন, আর আমি আবূ যুরআ (রহঃ) কে এই হাদিস সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। আব্দুল আযীয আবূ নাযরা আবূ সাঈদ (রাঃ) সূত্রে বর্ণিত রিওয়ায়াতটির অধিক সহীহ্ না আব্দুল আযীয - আনাস (রাঃ) সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি অধিক সহীহ? তিনি বলেন, এই উভয় রিওয়ায়াই সহীহ। আমাকে আব্দুস সামাদ ইবনু আব্দুল ওয়ারিছ (রহঃ) তৎপিতা আব্দুল ওয়ারিছ থেকে আনাস (রাঃ) সূত্রে এই হাদিস বর্ণনা করেছেন।

## English

Abdul-Aziz bin Suhaib said:
"Thabit Al-Bunani and I entered upon Anas bin Malik, and Thabit said: 'O Abu Hamzah! I am suffering from an illness. So Anas said: 'Shall I not recite the Ruqyah of the Messenger of Allah over you?' He said: 'Why, yes.' He said: 'O Allah! Lord of mankind, removed the harm, and cure (him). Indeed You are the One Who cures, there is none who cures except you, a cure that leaves no disease.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আব্দুল আযীয ইবন সুহায়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন